গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/২৩৩ তারিখ: ২০/০৬/২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ১ম মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির জন্য মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে ২১/০৬/২০২২ তারিখ বিকেল ৪:০০ টা থেকে ২৮/০৬/২০২২ তারিখ বিকেল ৪:০০ টা পর্যন্ত **অনলাইনে** সম্পন্ন হবে:

স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতীত)

বি এ/ বি এস এস/ বি বি এ(অনার্স)	বি এস-সি(অনার্স)
মোট টাকা = ২৯১০/-	মোট টাকা = ৩০১০/-

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://app1.nu.edu.bd/ থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২. সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট http://debendracollege.eshiksabd.com/ এ গিয়ে User Name: **debendrastudent** এবং Password: **debendrastudent** দিয়ে **Sign In** করতে হবে।

৩. **Sign In** করা পেইজে **Admission** বাটন ক্লিক করলে **Click for New Admission** বাটন আসবে।

৪. **Click for New Admission** বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:

Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত) ➡ **Enter NU Roll** (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে **Check for Admission** ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

৫. ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999kb)। শিক্ষার্থীরা শুধু SSC এবং HSC পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

৬. সঠিকভাবে ফরম পূরণের পর **Save** বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে **ভর্তি ফিসহ** সকল তথ্য চলে আসবে।

৭. অত:পর বিকাশ/নগদ/ ট্যাপের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS - এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS - এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/ নগদ / ট্যাপ এ ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/ নগদ/ ট্যাপের অ্যাপ এ গিয়ে **Pay Bill** সিলেক্ট করে **Education** সিলেক্ট করতে হবে। অত:পর **Govt Debendra College** সিলেক্ট করলে **Bill Period** ও **Enter Student ID** আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শির্ক্ষার্থীর **জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll** নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করনীয়:

১. পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০২ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পুরণকৃত ফরম ০২ কপি) সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে **(সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ১০:০০টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত)** নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে:

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসহ প্রতিটির ফটোকপি ০২ টি করে ।
খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০২ টি করে।
গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাসের প্রশংসা পত্রের ফটোকপি ০২ টি
ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গীন ছবি।
ঙ) অনলাইনে (বিকাশ/নগদ/ট্যাপে) টাকা জমার রশিদের কপি।
চ) নাম, ক্লাস রোল, ভর্তিকৃত বিভাগ, সেশন, মোবাইল নম্বর ও স্থায়ী ঠিকানা সম্বলিত একটি বড় খাম(মূল নম্বরপত্র জমা রাখার জন্য) ।
ছ) প্রাথমিক আবেদন ফরমের প্রবেশ পত্রের ফটোকপি- ১ টি।

২. সেমিনার ফি: বি এ/ বি এস এস/ বি বি এ (অনার্স) শিক্ষার্থীদের ৪০০/-×৪=১৬০০/-(একহাজার ছয়শত টাকা) ও বি এস-সি (অনার্স) শিক্ষার্থীদের ৫৫০/-×৪=২২০০/- (দুই হাজার দুইশত টাকা) টাকা রসিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

১. শিক্ষার্থীরা যে মোবাইল নম্বর ফরম পূরণের সময় দিবে সেই নম্বরটি পরিবর্তন করতে পারবে না। কলেজ থেকে সকল যোগাযোগের জন্য এই নম্বরটি ব্যবহৃত হবে।

২. নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর ড. মো: রেজাউল কারিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

20.০৬.২০২২

(তুহীন সুলতানা)
আহবায়ক
স্নাতক(সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২২
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।